# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 29-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) রাজ্যের প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির মধ্যে প্রচার অভিযান অব্যাহত ।

২) লোকসভা নির্বাচনের সময়সূচী ঘোষনার পর থেকে এপর্যন্ত সি-ভিজিল এপের মাধ্যমে ৭৯ হাজারেরও অধিক নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করার ঘটনার বিষয়ে অভিযোগ লাভ ।

৩) আসামের চারটি জেলায় সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের মেয়াদ আরো ৬ মাসের জন্য বৃদ্ধি ।

এবং

৪) আসামে আগামীকাল থেকে ৪৮ ঘন্টার জন্য পেট্রোল ডিপোগুলি বন্ধ থাকবে বলে নর্থ-ইষ্ট ইন্ডিয়া পেট্রোলিয়াম ডিলার্স এশোসিয়েশনের ঘোষণা

---

লোকসভা নির্বাচনের দিন ধীরে ধীরে এগিয়ে আসায় বিভিন্ন আসনে রাজনৈতিক দলের প্রচার অভিযানও বৃদ্ধি পাচ্ছে । বিশেষ করে আগামী ১৯ এপ্রিল রাজ্যের ৫টি আসনে অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান আজ থেকে আরো জোরদার করেছে । যোরহাট লোকসভা

আসনের কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ আজ চরাইদেও জেলার মাহমরায় একটি নির্বাচনী র‍্যালীতে অংশ গ্রহণ করেন । এছাড়াও শ্রী গগৈ আজ অন্যান্য আরো বেশ কয়েকটি নির্বাচনী প্রচার কার্যে অঁংশ গ্রহণ করেন । দলীয় সমর্থকরা আজ একটি মোটর সাইকেল র‍্যালীতেও শ্রী গগৈকে নিয়ে প্রচার চালায় ।এই আসনের বি জে পি প্রার্থী তপন গগৈও আজ মাজুলীতে মোট ১১টি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন । কাজিরাঙ্গা লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী রজলীনা তির্কী আজ গোলাঘাটে নির্বাচনী প্রচার চালান । নগাও আসনের কংগ্রেস প্রার্থী প্রদ্যুৎ বরদলৈ আজ নগাও জেলার বিভিন্ন অঞ্চলে প্রচার কার্যে অংশ নেন । এদিকে শোনিতপুর লোকসভা আসনের বি জে পি মিত্র জোটের প্রার্থী রঞ্জিত দত্ত আজ ঢেকিয়াজুলির বরতলায় অনুষ্ঠিত একটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন । এই সভায় মন্ত্রী অশোক সিংঘলও উপস্থিত ছিলেন । কাজিরাঙ্গা লোকসভা আসনের বি জে পি প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসার হয়ে আজ মন্ত্রী অজন্তা নেওয়োগ প্রচার অভিযান চালান । একই ভাবে বি জে পি মিত্র জোট অসম গণ পরিষদ এবং ইউ পি পি এল ছাড়াও আম আদমী পার্টী আজ থেকে তাদের নির্বাচনী প্রচার অভিযান আরো জোরদার করে তুলেছে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী হাফিজ রশিদ আহমেদ চৌধুরী আজ লালায় একটি বিশাল বাইক রেলীর মাধ্যমে প্রচার অভিযান চালান । অন্যদিকে ওই আসনের বি জে পি দল তাদের প্রার্থী কৃপানাথ মালার পক্ষে আজ হাইলাকান্দি জেলার বক্রিহাওয়র গ্রামে জনসভা করে প্রচারকার্য অব্যাহত রেখেছে । আজকের এই সভায় বি জে পি-র হাইলাকান্দি জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য ছাড়াও বিধায়ক কমলাক্ষ দে পুরকায়েস্থ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

য়তা লাভ করেছে । লোকসভা নির্বাচনের সময়সূচী ঘোষণার পর থেকে এপর্যন্ত ৭৯ হাজারেরও অধিক নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের ঘটনার বিষয়ে অভিযোগ লাভ করা হয়েছে ।নির্বাচন কমিশন এক বিবৃতিতে জানিয়েছে যে লাভ করা অভিযোগগুলির ৯৯ শতাংশেরও ইতিমধ্যে নিষ্পত্তি করা হয়েছে । এপটির মাধ্যমে লাভ করা অভিযোগগুলির মধ্যে ৫৮ হাজার ৫০০ রো অধিক অবৈধ

হোর্ডিং ও ব্যানার এবং এক হাজার ৪০০ রো অধিক অভিযোগ অর্থ, উপহার ও সুরা বিতরণের সঙ্গে জড়িত । লাভ করা অভিযোগের মধ্যে প্রায় তিন শতাংশ সম্পত্তি নষ্ঠ করার অভিযোগ রয়েছে । আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও ভয় দেখানোর ৫৩৫ টি অভিযোগের মধ্যে ৫২৯ টিই নিষ্পত্তি করা হয়েরছে বলে কমিশন জানিয়েছে ।সেইসঙ্গে কমিশন নির্ধারি সময়ের অধিক নির্বাচনী প্রচার চালানো সম্পর্কে এক হাজার অভিযোগ রয়েছে বলেও জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------

৬০ সদস্য বিশিষ্ট অরুণাচল প্রদেশ বিধানসভা এবং ২টি লোকসভা আসনের জন্য দাখিল করা মনোনয়নপত্র গুলি পরীক্ষা করার কাজ সম্পন্ন হয়েছে । পরীক্ষা করার পর বিধানসভা আসনের জন্য দাখিল করা মোট ১শো ৬৮টি মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছে । অবশ্য এর মধ্যে দুটি বিধানসভা আসনের মনোনয়নপত্র এখনও পরীক্ষা করা হয় নি । অন্যদিকে দুটি লোকসভা আসনের জন্য দাখিল করা ১৫টি মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছে । এর মধ্যে পশ্চিম অরুণাচল প্রদেশ লোকসভা আসনের জন্য মোট ৮ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন এই আসন থেকে বি জে পি প্রার্থী তথা কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু এবং কংগ্রেস দলের প্রার্থী নাবাম টুকিও প্রতিদ্বন্দিতা করছেন । উল্লেখ্য যে আগামী ১৯ এপ্রিল অরুণাচল প্রদেশ বিধানসভা এবং দুটি লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুড ফ্রাইডে উপলক্ষে সামাজিক মাধ্যমের এক বার্তায় যীশুখ্রীষ্টের আত্ম বলিদানের কথা স্মরণ করেছেন । শ্রী মোদী বলেছেন যে গুডফ্রাইডের এই দিনটিতে আমাদের প্রভূ যীশুর বলিদানের কথা স্মরণ করা উচিৎ । যীশুখ্রীষ্টের শিখানো মমতা এবং ক্ষমার পাঠ আমাদের সবাইকে উদ্বুদ্ধ করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

-----------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আসামের ৪টি জেলায় সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের মেয়াদ ৬ মাসের জন্য বৃদ্ধি করেছে । আগামী পয়লা এপ্রিল থেকে ৬ মাস পর্যন্ত অশান্ত অঞ্চল হিসেবে চিহ্নীত করা আসামের এই চারটি জেলা হলো

তিনসুকিয়া , চরাইদেও , শিবসাগর এবং ডিব্রুগর । এদিকে নাগাল্যান্ডের ৮টি জেলার ২১টি থানার অধীন অঞ্চলগুলি সহ অরুণাচল প্রদেশের ৩টি থানার অর্ন্তগত অঞ্চলগুলিও এই আইনের আওতায় থাকবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------

নর্থ-ইষ্ট ইন্ডিয়া পেট্রোলিয়াম ডিলারস এসোসিয়েশন আগামীকাল সকাল ৫ টা থেকে পয়লা এপ্রিল সকাল ৫ টা পর্যন্ত রাজ্যের সব পেট্রোল ডিপো বন্ধ থাকবে বলে ঘোষণা করেছে ।দীর্ঘদিনের দাবী পূরন না হবার প্রতিবাদে সংস্থাটি ৪৮ ঘন্টার পেট্রোল ডিপো বন্ধের কার্যসূচী গ্রহণ করেছে ।সংস্থাটির প্রতিবাদী কার্যসূচীর প্রতি লক্ষ্য রেখে রাজ্যসরকারের গৃহ ও রাজনৈতিক বিভাগের সচিব সব জেলা আয়ুক্ত ও পুলিশ সুপারদের বিশেষ নির্দেশ প্রেরণ করেছে । গ্রাহকদের যাতে কোনো ধরণের অসুবিধার সম্মুখীন না হন এবং পেট্রোল ও পেট্রোলজাতীয় সামগ্রী  ক্রয় করতে পারেন এর জন্য যাবতীয় ব্যাবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------

কার্বি আংলং জেলা নির্বাচন বিভাগ আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের ডিফু লোকসভা আসনের ভোটারদের ভোটদানের প্রতি আকর্ষিত করতে রসবিপ এবং ইক-নী নামের ম্যাসকট প্রস্তুত করেছে । ডিফু লোকসভা আসনে ভোটদানের হার বৃদ্ধি করার উদ্দেশ্যে ম্যাসকট সঙ্গে নিয়ে ভোটদানের প্রতি সচেতনতা বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------

আগামী ২৬ এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের ব্যায় পর্যবেক্ষক প্রদীপ কুমার বিশ্বাস গতকাল হাইলাকান্দি জেলা সফর করেন । তিনি হাইলাকান্দি জেলা গ্রস্থাগার ভবণে থাকা জনসংযোগ কার্যালয়ে মিডিয়া সেল এবং মিডিয়া সার্টিফিকেশন ও মিডিয়া মনিটরিং সেলে উপস্থিত হয়ে কাজকর্ম বিস্তারিত পর্যবেক্ষণ করেন । এই পরিদর্শনকালে হাইলাকান্দি জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক তথা এম সি এম সি সেলের সদস্য রঞ্জিত কুমার লস্কর , করিমগঞ্জের অতিরিক্ত আয়ুক্ত উদয় শংকর দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দির জেলা তথ্য জনসংযোগ আধিকারিক সাজ্জাদুল হক চৌধুরী ব্যায় পর্যবেক্ষক শ্রী বিশ্বাসকে মিডিয়া সার্টিফিকেশন ও মিডিয়া মনিটরিং-এর কাজকর্ম সম্পর্কে বিস্তারিত তথ্য জানান । তিনি জানান যে প্রতিদিন নিয়ম মাফিক সংবাদপত্র , ইলেক্ট্রনিক মিডিয়া ও সামাজিক মাধ্যমের কাজকর্ম মনিটর করা হচ্ছে এবং এই সম্পর্কে প্রয়োজনীয় সব রিপোর্ট জমা দেওয়া হচ্ছে । মিডিয়া সেল ও এম সি এম সি-র কাজকর্ম খতিয়ে দেখে ব্যায় পর্যবেক্ষক সন্তোষ প্রকাশ করে নির্বাচনী বিধি নিষেধ বলবৎ থাকা পর্যন্ত মিডিয়া মনিটরিং খুব গুরুত্বপূর্ণ একটি বিষয় বলে উল্লেখ করেন ।

---

কাছাড় জেলায় আসন্ন লোকসভা নির্বাচন সুষ্টভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসন থেকে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে ।  নির্বাচন সংক্রান্ত যেকোন অভিযোগ এই কন্ট্রল রুমে জানানো যাবে এবং কন্ট্রল রুমটি ২৪ ঘন্টা খোলা থাকবে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে- ০৩৮৪২-২৬১০০৬ এবং হোয়াটস অ্যাপ নম্বর হচ্ছে-৭০০২৮৩২৮৯৮।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী গত ২৩ থেকে ২৬ শে মার্চ পর্যন্ত জোনের মধ্যে নিয়মিত তল্লাশি  এবং অভিযান চালানোর সময় যাত্রীদের জিনিসপত্র চুরির অপরাধে জড়িত ৪ জন ব্যাক্তিকে আটক করেছে । পরবর্তী আইনী ব্যাবস্থা গ্রহণের জন্য বিভিন্ন রেলস্টেশন থেকে যাত্রীদের চুরি যাওয়া প্রায় এক লক্ষ তিনহাজার টাকা মূল্যের মূল্যবান জিনিসপত্র সহ ধৃত ব্যাক্তিদের জি আর পির ভারপ্রাপ্ত আধিকারিকের হাতে তুলে দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি পুলিশ আজ অভিযান চালিয়ে বিলুপ্ত প্রজাতির বন্যপ্রানী ও পাখী উদ্ধার করেছে । জেলার আসাম-মিজোরাম সীমান্তবর্তী বিলাইপুরে পুলিশের নাকা তল্লাশির সময় বিলুপ্ত প্রজাতির বেশকিছু পাখী ও বিশেষ প্রজাতির শুকর জব্দ করা হয়েছে । আর্ন্তজাতিক বাজারে কয়েক লক্ষ টাকা মূল্যের ধনেশ পাখীও পুলিশের এই অভিযানে উদ্ধার করা হয় । তবে পুলিশ বিলুপ্ত প্রজাতির বন্যপ্রাণী উদ্ধার করতে সক্ষম হলেও সরবরাহকারীরা পালিয়ে যেতে

সক্ষম হয় ।পুলিশ বর্তমানে বনবিভাগকে এই বনপ্রাণীগুলি সমঝে দিয়েছে । বন বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে এই বহু কোটি টাকার প্রাণীগুলি ইন্দোনেশিয়া থেকে প্রথমে মায়ান্মার এবং এরপর মিজোরাম হয়ে আসামে নিয়ে আসা হয়েছিলো ।

-----------------------------------------------------------------------------